

## আখাউড়ায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

আখাউড়া প্রতিনিধি

আখাউড়ায় এক প্রধান শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগের সত্যতা পাওয়ার উপলক্ষ্যে তোলপাড় শুরু হয়েছে। সর্বশেষ হওয়া দ্বিতীয় শ্রেণীর এক শিক্ষার্থীর যৌন হয়রানিসহ এই শিক্ষকের বিরুদ্ধে অত্র ৩৬ জন শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগ রয়েছে। উপজেলা পরিষদের নৈরদ্য বাহাউদ্দিন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলামের বিরুদ্ধে শিক্ষার্থীদের কোচিং এবং ক্লাসের নামে যৌন হয়রানির এ অভিযোগে সোমবার তদন্তকালে সত্যতা পেয়েছে উপজেলা প্রশাসনের প্রাথমিক শিক্ষা কর্মকর্তা।

আখাউড়া উপজেলার চাঁনপুর এলাকার একাধিক বাসিন্দা ও অভিভাবকরা জানান, এই শিক্ষক দ্বিতীয় শ্রেণীতে পড়ুয়া শিশু মেয়েটি ছাড়াও তার বিরুদ্ধে যৌন হয়রানির শিকার হয়েছে একই বিদ্যালয়ের অত্র ৩৬ শিক্ষার্থী। নানাভাবে বিভিন্ন কৌশল মাটিয়ে যৌন হয়রানি করে আসছেন শিক্ষক রফিকুল ইসলাম। এসব ঘটনার খবর জানতে পেরেও এলাকার মানুষ ওয় নিজেদের

সম্মান ও জয়ের কথা ভেবে এতদিন তার বিরুদ্ধে অবস্থান নিয়ে কেউ মুখ খোলেনি।

এ ব্যাপারে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি এমএ রইচ উদ্দিন জানান, এ ঘটনার পর থেকেই আমরা সামাজিক মাদিগ থেকে এই শিক্ষকের বিদ্যালয়ের সব কর্তৃপক্ষ থেকে বিরত রাখা হয়েছে। এ বিষয়ে আখাউড়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ ফেরদৌস আলমের ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, অভিযোগ পাওয়ার পর ঘটনার তদন্তে সোমবার সকলে থেকে এই বিদ্যালয়ে ডুকুজোগী ও বিভিন্ন অভিভাবকদের সঙ্গে কথা বলে অনেক সত্য উদ্‌ঘাট পেয়েছি। অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আইনগতভাবে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমার উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জানানো হবে।

এ ব্যাপারে আখাউড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা খুরশিদ শাহরিয়ার বলেন, একজন শিক্ষক পিতার সমতুল্য— সেখানে এ ধরনের ঘটনা গোটা শিক্ষক সমাজকে হেচপ্রতিপন্ন করার পানিশ। তাই এ শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিয়ে বিচার হওয়া উচিত।